গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ,
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নম্বর ১০.০০.০০০০.১৩১.১১.০০১.৯৩- ১৮৭

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৭ নভেম্বর ২০২৬

বিষয় : রেজিস্ট্রিকৃত কাবিননামার ভুল তথ্য সংশোধনের আবেদন নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্র: জনৈকা ফরিদা ইয়াসমিন এর গত ১২/১১/২০২৬ খ্রি. তারিখের আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিবাহের নিবন্ধিত কাবিননামা একটি আইনগত দলিল (legal instrument)। একবার যথাযথভাবে সম্পাদিত ও নিবন্ধিত হওয়ার পর উক্ত দলিলে লিপিবদ্ধ তথ্য প্রশাসনিক আদেশের মাধ্যমে সংশোধনের কোনো আইনগত সুযোগ নেই। তবে The Specific Relief Act, 1877 এর ৩১ ধারায় প্রতারণা বা পক্ষগণের পারস্পরিক ভুলের কারণে কোনো লিখিত দলিল প্রকৃত অভিপ্রায় যথাযথভাবে প্রকাশ না করলে সংশ্লিষ্ট পক্ষের আবেদনের ভিত্তিতে উপযুক্ত দেওয়ানি আদালত কর্তৃক তা সংশোধনের বিধান রয়েছে। নিবন্ধিত কাবিননামার তথ্য সংশোধন কেবল দেওয়ানি আদালতের এখতিয়ারভুক্ত বিষয় এবং তা প্রশাসনিক আদেশের মাধ্যমে সংশোধনের আইনগত সুযোগ না থাকায় আপনার গত ১৫/১১/২০২৬ খ্রি. তারিখের কাবিননামায় ভুল তথ্য সংশোধনের আবেদনটি নামঞ্জুর করা হলো।

১৭/১১/২০২৬
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,
জনাবা ফরিদা ইয়াসমিন
পিতা- রবিউর হোছাইন চৌধুরী
গ্রাম/বাসা- সালেহ মঞ্জিল, জোবরা
থানা- হাটহাজারী , জেলা- চট্টগ্রাম।

অনুলিপি-
১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২। জেলা রেজিস্ট্রার (সকল)।
৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অফিস কপি/গার্ড ফাইল।